# হজ্জ, উমরা ও যিয়ারত গাইড

বিভাগ/অধ্যায়ঃ ১০ জিলহজ্জের আমলসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

হজ্জের ভুলত্রুটির ক্ষতিপূরণ প্রসঙ্গ

হজ্জের ভুলত্রুটি দু'ভাগে ভাগ করা যায়। এক. এহরামের বিধিনিষেধ বিষয়ক ভুল। দুই. হজ্জের কার্যসমূহ পালনের ক্ষেত্রে ভুল।

এহরামের বিধিনিষেধ বিষয়ক ভুলের ক্ষেত্রে কী করণীয় তা ওপরে উল্লেখ হয়েছে।

হজ্জকর্মসমূহে কয়েক প্রকার ভুল হতে পারে।

ক. হজ্জের কোনো ফরজ ছুটে যাওয়া। এ ক্ষেত্রে ক্ষতিপূরণ দিয়ে কাজ হবে না। বরং গোটা হজ্জই পুনরায় আদায় করতে হবে যেমন, কারও যদি উকুফে আরাফা ছুটে যায় তাহলে পরবর্তীতে আবার হজ্জ করা ব্যতীত এর ক্ষতিপূরণ হবে না।

খ. হজ্জের কোনো ওয়াজিব সম্পূর্ণ ছুটে যাওয়া। এ ক্ষেত্রে দম জবেহ করে ক্ষতিপূরণ দিতে হবে। যেমন কঙ্কর নিক্ষেপ করা ওয়াজিব। বিনা ওজরে যদি কেউ কঙ্কর নিক্ষেপ ছেড়ে দেয়, তবে দম জবেহ করে ক্ষতিপূরণ দিতে হবে। হজ্জের কোনো ওয়াজিব আংশিক ছুটে গেলে ইমাম আবু হানিফা (রহ.) এর নিকট সদকা দিয়ে ক্ষতিপূরণ দিলে হয়ে যাবে।

গ.হজ্জের কোনো সুন্নত-মুস্তাহাব ছুটে গেলে দম জবেহ করে কোনো ক্ষতিপূরণ দিতে হবে না। তবে অবজ্ঞা অবহেলা করে কোনো সুন্নত তরক করা উচিৎ নয়। যে কোনো প্রকার ভুল হলেই দম জবেহ করতে হবে, কথা এমন নয়।

Source — https://www.hadithbd.com/books/link/?id=3543

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন